বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব বিভাগ-২

হিসাব পরিপত্র নং-০৩/২০১৭ তারিখ: ২৮.০৩.২০১৭ খ্রি:

বিষয়ঃ **এমপ্লয়ীজ সুপারএনুয়েশন তহবিলের ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনের হার পূণ: নির্ধারন ও হিসাবায়ন প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ-২ এর ৩১-১০-২০০৭ ইং তারিখের পরিপত্র নং-০৯/২০০৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সম্প্রতি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৯-০১-২০১৭ তারিখের প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০.১৭১.১৩.০০৫.১৬-০৬ এর নির্দেশনা অনুযায়ী বর্তমানে প্রচলিত কর্মকর্তা/কর্মচারীগনের পেনশনের শতকরা ১০০ ভাগ সমর্পনের সুবিধা বাতিল করত: পেনশনের শতকরা ৫০ ভাগ সমর্পন বাধ্যতামূলক করা হয়েছে যা ১লা জুলাই,২০১৭ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে। ফলে সুপারএনুয়েশন খাতে ব্যাংকের এককালীন তহবিলের প্রয়োজনীয়তা হ্রাস পাবে। পূর্বের বর্ধিত খরচ সংকোচনের লক্ষ্যে ব্যাংক প্রদত্ত চাঁদার হার হ্রাস করা আবশ্যক। বিষয়টি এমপ্লয়ীজ সুপারএনুয়েশন তহবিল ট্রাস্টি বোর্ডের ০৭-০৩-২০১৭ খ্রি: তারিখের ৮৮তম সভায় উপস্থাপন করা হলে কমিটি বর্ধিত খরচ সংকোচনের লক্ষ্যে ব্যাংক প্রদত্ত চাঁদার হার পূনঃনির্ধারন ও প্রধান কার্যালয় পর্যায়ে হিসাবায়ন করার পক্ষে সিদ্ধান্ত গ্রহন করেন।

০৩। ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্তের আলোকে ব্যাংকের পরিচালনা পর্ষদের ১৩-০৩-২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত ৬৮১ তম সভায় কার্যপত্র পেশ করা হলে পর্ষদ কর্তৃক ২১ নং আলোচ্য সূচীতে এমপ্লয়ীজ সুপারএনুয়েশন তহবিল ট্রাস্টি বোর্ড সভার সর্বসম্মত সিদ্ধান্ত পরীক্ষা-নিরীক্ষা করে এবং ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের প্রেক্ষিতে এমপ্লয়ীজ সুপারএনুয়েশন তহবিল এর চাঁদা নিম্নবর্ণিতভাবে কর্তন ও হিসাবায়নের প্রস্তাব অনুমোদন করেনঃ

(ক) ২০১৬-২০১৭ অর্থ বছরের অবশিষ্ট ০৪(চার) মাস (মার্চ'২০১৭ হতে জুন'২০১৭ পর্যন্ত) কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতনের উপর সুপারএনুয়েশন তহবিলের চাঁদার হার বিদ্যমান ৫০% হতে হ্রাস করে ২০% হারে কর্তন করতে হবে, যার ফলে ২০১৬-২০১৭ অর্থ বছরে গড় কর্তন হবে ৪০%;

(খ) ২০১৭-২০১৮ অর্থ বছর হতে সুপারএনুয়েশন তহবিলের চাঁদার হার হবে ৪০%;

(গ) ব্যাংকের বর্তমান জনবল ঘাটতি বিবেচনায় এনে সুপারএনুয়েশন তহবিলের বিদ্যমান হিসাবায়ন পদ্ধতি পরিহার করে প্রধান কার্যালয় পর্যায়ে অর্ধ-বার্ষিক ও বার্ষিক ভিত্তিতে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতনের উপর অনুমোদিত হারে নির্ণীত পরিমান তহবিল সুপারএনুয়েশন তহবিলে স্থানান্তরের মাধ্যমে সুপারএনুয়েশন তহবিলে হিসাবায়ন পদ্ধতি চালু করতে হবে এবং মার্চ/২০১৭ হতে শাখা পর্যায়ে সুপারএনুয়েশন তহবিল এর চাঁদা কর্তন রহিত করতে হবে।

০৪। বর্তমানে প্রচলিত এমপ্লয়ীজ সুপারএনুয়েশন তহবিলের হিসাবায়ন করার জন্য শাখা/কার্যালয় হতে এ্যাডভাইসসমূহ যান্মাসিক ভিত্তিতে আঞ্চলিক পর্যায়ে প্রেরিত হয়ে থাকে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় অঞ্চলাধীন সকল শাখার ক্রেডিট এ্যাডভাইস সংগ্রহ পূর্বক অঞ্চলের প্রধান শাখায় প্রেরন করে থাকে। প্রধান শাখা "১১৫- আঞ্চলিক সাধারন হিসাব" খাতকে ডেবিট করে "৪১/১৮ প্রদেয় পেনশন ফান্ড হিসাব" খাতকে ক্রেডিট করে শাখা সমূহ থেকে প্রাপ্ত এ্যাডভাইসের সাড়া প্রদান করে। অতঃপর, প্রধান শাখা (প্রধান শাখা, মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক, আঞ্চলিক নিরীক্ষা, বিভাগীয় নিরীক্ষা ও বিভাগীয় কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগনের ব্যাংক প্রদত্ত চাঁদাসহ) মূখ্য অঞ্চল/অঞ্চলের সকল কর্মকর্তা/ কর্মচারীর ব্যাংক প্রদত্ত চাঁদার পুঞ্জীভূত স্থিতি "৪১/১৮ প্রদেয় পেনশন ফান্ড হিসাব" খাতকে ডেবিট করে "১১১৪- বিকেবি সাধারন হিসাব" খাতকে ক্রেডিট করে স্থাণীয় মূখ্য কার্যালয়ের উপর একটি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ইস্যু করে থাকে। মার্চ,২০১৭ থেকে বিদ্যমান হিসাবায়ন পদ্ধতি পরিহার করে প্রধান কার্যালয় পর্যায়ে অর্ধ-বার্ষিক ও বার্ষিক ভিত্তিতে ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের মূল বেতনের উপর অনুমোদিত হারে নির্ণীত পরিমান তহবিল একীভূত করে সুপারএনুয়েশন তহবিলে স্থানান্তরের মাধ্যমে হিসাবায়ন করা হবে।

চলমান পাতা-০২

০৫। **হিসাবায়ন পদ্ধতিঃ**

শাখা/কর্পোরেট শাখা থেকে প্রাপ্ত বৈষয়িক বিবরণী (এসিএফ-৩৭) প্রধান কার্যালয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ কর্তৃক অর্ধ-বার্ষিক ও বার্ষিক ভিত্তিতে সংকলন করা হয়। সংকলিত বৈষয়িক বিবরণী/স্থিতিপত্র হতে কর্মকর্তা/কর্মচারীদের মূলবেতনের মোট অংক পাওয়া যাবে। উক্ত মোট অংকের উপর নির্ধারিত হার প্রয়োগ করে বছরে ০২ (দুই) বার সকল শাখা/কার্যালয়ের সুপারএনুয়েশন তহবিলের পরিমাণ পাওয়া যাবে। শাখা কর্তৃক জানুয়ারী/২০১৭ ও ফেব্রুয়ারী/২০১৭ মাসের কর্তনকৃত সুপারএনুয়েশন তহবিলের চাঁদা পূর্বের পদ্ধতিতে ০৬-০৪-২০১৭ তারিখের মধ্যে অঞ্চলাধীন প্রধান শাখায় প্রেরণ করবে। অঞ্চলাধীন প্রধান শাখা স্থানীয় মূখ্য কার্যালয়ের উপর ইস্যুকৃত ক্রেডিট এ্যাডভাইস (প্রতিবেদনসহ) মূখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ে প্রেরন করবে। মূখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় "অঞ্চলাধীন সকল শাখা/কার্যালয়ের চাঁদা প্রেরণ করা হয়েছে" মর্মে প্রত্যয়নপত্রসহ ক্রেডিট এ্যাডভাইসটি (শাখাওয়ারী চাঁদার পরিমাণ সম্বলিত প্রতিবেদনসহ) ১০ ই এপ্রিলের মধ্যে উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এর বরাবরে প্রেরণ নিশ্চিত করবে।

আপনার বিশ্বস্ত,

(কোরাইশী মাহমুদ হাসান)
মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)

---

নং-প্রকা/হিঃ২:১৮(এসুত)/২০১৬-২০১৭/৩৫০৭(১২৫০) তারিখঃ ঐ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা মহোদয়বৃন্দের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মূখ্য কার্যালয়, ঢাকা/ সকল কর্পোরেট শাখা।
০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ-কে অনুরোধ করা হলো।
০৯। সকল মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক। বর্ণিত পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিতকরনের জন্য অনুরোধ করা হলো।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক (মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

(এ.এম.এম. কায়সার আহমেদ মানিক)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)